

একুশে পদকপ্রাপ্ত নাট্য ব্যক্তিত্ব আলী যাকের এর মৃত্যুতে শ্রম প্রতিমন্ত্রীর শোক
ঢাকা, ২৭ নভেম্বরঃ

একুশে পদকপ্রাপ্ত বরেণ্য অভিনেতা, মহান মুক্তিযুদ্ধে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দসৈনিক, প্রগতিশীল সাংস্কৃতিক আন্দোলনের পুরোধা ব্যক্তিত্ব আলী যাকের এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান এমপি।

প্রতিমন্ত্রী আজ এক শোকবার্তায় মরহমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। শোকবার্তায় শ্রম প্রতিমন্ত্রী জানান, নন্দিত অভিনেতা আলী যাকের ছিলেন বহুমুখী প্রতিভার অধিকারী পুরোধা ব্যক্তিত্ব। তিনি ছিলেন একাধারে অভিনেতা, পরিচালক, নির্দেশক, কলামিস্ট, নাট্য সংগঠক ও স্নানামধ্য বিজ্ঞাপনী সংস্থার কর্ণধার। টেলিভিশন ও মঞ্চ নাটকে সমান জনপ্রিয়। বিভিন্ন টিভি নাটকে তাঁর অভিনয়ের মুন্সিয়ানা দর্শকের হৃদয় ছুঁয়েছে। এ শক্তিমান অভিনেতার মৃত্যুতে বাংলাদেশের সাংস্কৃতিক অঙ্গনে যে ক্ষতি হলো তা সহজে পূরণ হওয়ার নয়। তিনি তাঁর অভিনয় ও সৃজনশীল কর্মের মধ্য দিয়ে এদেশের অগণিত দর্শক-শ্রোতাদের হৃদয়ে চিরকাল বেঁচে থাকবেন।

উল্লেখ্য, নন্দিত অভিনেতা আলী যাকের (৭৬) আজ ভোরে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি দীর্ঘদিন ধরে ক্যান্সারসহ বিভিন্ন বার্ধক্যজনিত রোগ ভুগছিলেন। মৃত্যুকালে তিনি এক ছেলে ও এক মেয়ে-সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ ০১৭১৮৮৫১৮৫১

Email : aktarullalpur@gmail.com